

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মোহনপুর, রাজশাহী।



স্মারক নং-৩২.০১.৮১৫৩.০০০.০২.০৫.২০-২২৪

তারিখ :- ০৫/০৯/২০২২খ্রিঃ।

“ বিজ্ঞপ্তি ”

== == ==

এতদ্বারা অত্র উপজেলার সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোহনপুর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে দুঃস্থ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় ক্ষুদ্র ঋণ গ্রহণে আগ্রহী মহিলাগণ আগামী ০৫/০৯/২০২৩ ইং তারিখ হতে ২০/০৯/২০২৩ ইং তারিখ সময়ের মধ্যে অফিস চলাকালীন সময়ের আবেদন ফরম সংগ্রহ ও পূরন পূর্বক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেওয়ার জন্য বিশেষভাবে বলা হলো।

ঋণ গ্রহীতা বাছাইয়ের মানদণ্ড

- (ক) ঋণ প্রার্থীর ভিটা, বাড়ী থাকতে হবে অথবা এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- (খ) প্রার্থীর ন্যূনতম অক্ষর জ্ঞান থাকতে হবে এবং বয়স সীমা ১৮ বছরথেকে ৫৫ বছরের মধ্যে হতে হবে।
- (গ) ঋণ প্রদানের ক্ষেত্রে দুঃস্থ, স্বামী পরিত্যক্তা, বিধবা এবং অবিবাহিত মহিলাদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- (ঘ) ঋণ প্রার্থী একক ভাবে ঋণের আবেদন করবেন।
- (ঙ) অন্য কোন সরকারী /বেসরকারী প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহন করে থাকলে এবং তা চলমান হলে এ কার্যক্রমের আওতায় ঋণ প্রদান করা যাবে না। এ বিষয়ে মিথ্যা তথ্য প্রদান করা হলে (প্রমান সাপেক্ষে) প্রদত্ত ঋণ বাতিল করা যেতে পারে।
- (চ) মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় মহিলা সংস্থা থেকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদের ঋণ বিতরণে বিশেষ অগ্রাধিকার প্রদান করা হবে।

(বন্দনা সাহা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
মোহনপুর, রাজশাহী।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনপুর, রাজশাহী।
- ০২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী।
- ০৪। নোটিশ বোর্ড।
- ০৫। অফিস কপি।